

৩ কোটি ঋণ ছিল, এখন ১১ কোটির মালিক-পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৪০ ঃ মেহেরপুর-রোববার ২৩ নভেম্বর ২০২৫ ইং ঃ ৮ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ঃ ১ জমা ,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## মেহেরপুরের গ্রামে গ্রামে বাল্যবিবাহ, ঘরে ঘরে নির্যাতন

# অন্ধকারে ঢেকে যাচ্ছে নারীর জীবন



প্রশাসন ও এনজিওর সর্বশেষ তথ্য বলছে–জেলায় বাল্যবিবাহ ও নারী নির্যাতনের হার গত কয়েক বছরে অস্বাভাবিকভাবে বেড়েছে, যা এখন সামাজিক স্থিতি ও নারীর নিরাপত্তার জন্য বড় হুমকি হয়ে দাঁড়িয়েছে। 'রুরাল এরিয়াজ অব মেহেরপুরে নারীর প্রজনন অধিকার' শীর্ষক সাম্প্রতিক এক গবেষণা বলছে–জেলার গ্রামীণ এলাকায় ৭৯ শতাংশ মেয়ের বিয়ে হয় ১৮ বছরের আগেই। গবেষকরা এটিকে "বাংলাদেশের সর্বোচ্চ ঝুঁকিপূর্ণ অঞ্চলগুলোর একটি" হিসেবে চিহ্নিত করেছেন।

মিজানুর রহমান অপু

মেহেরপুরের গ্রামীণ জনপদজুড়ে যেন নীরব এক মানবিক সঙ্কট বিস্তার লাভ করছে। কিশোরী মেয়েদের শৈশব থেমে যাচ্ছে অল্প বয়সেই বিয়ের চাপে, আর বিবাহিত নারীরা আটকে পড়ছেন পারিবারিক সহিংসতার চক্রে। প্রশাসন ও এনজিওর সর্বশেষ তথ্য বলছে–জেলায় বাল্যবিবাহ ও নারী নির্যাতনের হার গত কয়েক বছরে অস্বাভাবিকভাবে বেড়েছে, যা এখন সামাজিক স্থিতি ও নারীর নিরাপত্তার জন্য বড় হুমকি হয়ে দাঁড়িয়েছে।

'রুরাল এরিয়াজ অব মেহেরপুরে নারীর প্রজনন অধিকার' শীর্ষক সাম্প্রতিক এক গবেষণা বলছে–জেলার গ্রামীণ এলাকায় ৭৯ শতাংশ মেয়ের বিয়ে হয় ১৮ বছরের আগেই। গবেষকরা এটিকে "বাংলাদেশের সর্বোচ্চ ঝুঁকিপূর্ণ অঞ্চলগুলোর একটি" হিসেবে চিহ্নিত করেছেন। জেলা প্রশাসন জানায়, ২০২৫ সালের জানুয়ারি থেকে এ পর্যন্ত অন্তত ছয়টি বাল্যবিবাহ প্রতিরোধ অভিযান পরিচালনা করা হয়েছে। কিন্তু মাঠপর্যায়ের কর্মীরা বলছেন, প্রকৃত সংখ্যা আরও অনেক বেশি। অনেক পরিবার রাতের অন্ধকারে বা দূরবর্তী গ্রামে বাল্যবিবাহ সম্পন্ন করে যার খবর প্রশাসন পর্যন্ত পৌঁছায় না।

একজন ইউনিয়ন সামাজিক কর্মী জানান, প্রতি মাসেই অন্তত কয়েকজন অভিভাবক আর্থিক সংকট বা সামাজিক চাপ দেখিয়ে মেয়ের বিয়ে দিয়ে দেয়। আমরা খবর পেলে বন্ধ করি, কিন্তু সব খবর পাওয়া যায় না।" মেহেরপুরে নারী নির্যাতনের ধরন দিন দিন ভয়াবহ রূপ নিচ্ছে। ধর্ষণ, শারীরিক হামলা, মানসিক নির্যাতন, আর্থিক নির্যাতন–সব ধরনের অভিযোগই বাড়ছে। জেলা প্রশাসন ও নারী সহায়তা কেন্দ্রগুলোর তথ্য অনুযায়ী, চলতি বছরে নারী নির্যাতনের অভিযোগ গত বছরের তুলনায় প্রায় ৩০ শতাংশ বেশি।ভুক্তভোগীদের অনেকেই অভিযোগ করতে ভয় পান; কারণ– পরিবারের চাপ, সামাজিক লজ্জা, মামলা চালানোর খরচ, প্রতিশোধের আশঙ্কা ও পুলিশি প্রক্রিয়ার জটিলতা। একজন স্থানীয় নারী অধিকারকর্মী আসাদুজ্জামান বলেন, "অনেক নারী আঘাত নিয়ে বাড়ি ফিরে আসেন, কিন্তু থানায় যেতে চান না। ভয়, লজ্জা আর আর্থিক সংকট তাদের চুপ থাকতে বাধ্য করে।" বিশেষজ্ঞরা বলছেন, মেহেরপুরে বাল্যবিবাহ ও নারী নির্যাতন বৃদ্ধির পেছনে একাধিক কারণ দৃশ্যমান–কন্যাশিশুই পরিবারের দায়–এমন মানসিকতা এখনো শক্তভাবে টিকে আছে। গ্রামীণ পরিবারগুলোতে মেয়েদের স্কুলে যাওয়া বাধাগ্রস্ত হয় গৃহস্থালি শ্রম, দারিদ্র্য ও অবহেলার কারণে।অনেক বাবা-মা মনে করেন, অল্প বয়সে বিয়ে দিলেই খরচ কম

২-এর পৃষ্ঠা দেখুন

## সাড়ে ৩১ ঘণ্টায় তিনবার ভূমিকম্প

নিজস্ব প্রতিবেদক

দেশে গত সাড়ে ৩১ ঘণ্টায় তিনবার ভূমিকম্প হয়েছে। এর মধ্যে আজ শনিবার সকাল ও সন্ধ্যায় দুবার ভূকম্পন অনুভূত হয়। এর আগে গত শুক্রবার সকাল ১০টা ৩৮ মিনিটে ভূমিকম্পে কেঁপে ওঠে রাজধানীসহ আশপাশের এলাকা। শুক্রবারের ভূমিকম্প সারা দেশেই অনুভূত হয়। ভূমিকম্পের সময় অনেকেই আতঙ্কে ঘরের বাইরে বেরিয়ে আসেন। এতে শিশুসহ ১০ জন নিহত ও ছয় শতাধিক ব্যক্তি আহত হয়েছেন। সবচেয়ে বেশিড় পাঁচজনের মৃত্যু হয়েছে নরসিংদীতে। ঢাকায় চার ও নারায়ণগঞ্জে একজন মারা যান। ভূমিকম্পের সময় আতঙ্কে অনেকেই ভবন থেকে লাফিয়ে পড়েন। এ ছাড়া কিছু ভবন হেলে পড়ে ও ফাটল দেখা দেয়। সর্বশেষ গতকাল শনিবার সন্ধ্যা ৬টা ৬ মিনিটে ঢাকা ও আশপাশের জেলায় ভূকম্পন অনুভূত হয়। মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএসের

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে মনোনয়ন পরিবর্তনের দাবিতে ২২ কিলোমিটার মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-২ (গাংনী) আসনে বিএনপির মনোনয়ন পরিবর্তনের দাবিতে প্রায় ২২ কিলোমিটার দীর্ঘ মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২২ নভেম্বর) বিকেলে গাংনী উপজেলার আকুবপুর থেকে গাড়াডোব পর্যন্ত মেহেরপুরকুষ্টিয়া আঞ্চলিক সড়কের দুই পাশে দাঁড়িয়ে এ কর্মসূচি পালন করেন দলীয় নেতা-কর্মীসহ সাধারণ মানুষ। মানববন্ধনে নারী-পুরুষ, কৃষক, ব্যবসায়ী, দিনমজুর, রিকশাচালক, শিক্ষার্থীসহ নানা শ্রেণিপেশার মানুষের উপস্থিতি ছিল। অংশগ্রহণকারীরা জানান, স্থানীয় পর্যায়ে মনোনয়ন নিয়ে অসন্তোষের প্রেক্ষাপটে স্বতঃস্ফূর্তভাবে তারা মানববন্ধনে যোগ দেন। স্থানীয় বিএনপি নেতাদের দাবি, জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন দীর্ঘদিন সংগঠন পরিচালনা, সাংগঠনিক কাজে সক্রিয় থাকা, আন্দোলন-সংগ্রামে অংশগ্রহণ এবং মামলাহামলার সময় নেতাকর্মীদের পাশে থাকার কারণে তৃণমূলে গ্রহণযোগ্য। কেন্দ্রীয়ভাবে ঘোষিত মনোনয়ন চূড়ান্ত করার সময় তাঁকে বাদ দেওয়ায় নেতাকর্মীদের মধ্যে ক্ষোভ তৈরি হয়েছে বলে তারা জানান। মানববন্ধনে বক্তারা বলেন, তৃণমূলের মতামত বিবেচনায় নিয়ে কেন্দ্রীয় নেতৃত্বকে সিদ্ধান্ত পুনর্মূল্যায়নের অনুরোধ জানানো হয়েছে। বিকেল ৫টার দিকে গাড়াডোব এলাকায়

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে দালাল চক্রের প্রতারণা: সিঙ্গাপুরে পাঠানো সজীব তিন মাস নিখোঁজ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার রামকৃষ্ণপুর গ্রামের আফজাল হোসেনের ২০ বছরের ছেলে সজীব হোসেন সিঙ্গাপুরে পাঠানোর তিন মাস পর থেকে নিখোঁজ রয়েছেন। সর্বস্ব বিক্রি করে ছেলেকে বিদেশ পাঠালেও কোনো খোঁজ না পেয়ে শনিবার সকালে বাড়িতে সংবাদ সম্মেলন করে ছেলেকে ফিরিয়ে আনার আকুতি জানান তিনি।

২-এর পৃষ্ঠা দেখুন

## সুষ্ঠু নির্বাচন আয়োজনের প্রস্তুতি সম্পূর্ণ ইসি সানাউল্লাহ

সূর্যোদয় প্রতিবেদন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সুষ্ঠু, গ্রহণযোগ্য ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে নির্বাচন কমিশন (ইসি) সম্পূর্ণ প্রস্তুত বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মোহাম্মদ সানাউল্লাহ। তিনি বলেন, "আগামী নির্বাচনকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগমাধ্যমে অপতৎপরতা ও কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) অপব্যবহার রোধ করাই এখন ইসির বড় চ্যালেঞ্জ।" শনিবার সকালে রাজধানীর গুলশানে একটি হোটেলে 'বিল্ডিং ব্রিজেস: রিজিওনাল

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে পুলিশের মাসিক আইন-শৃঙ্খলা পর্যালোচনা সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে পুলিশ সুপারের কার্যালয়ে অক্টোবর মাসের "মাসিক আইন-শৃঙ্খলা ও অপরাধ পর্যালোচনা সভা" অনুষ্ঠিত হয়েছে।গতকাল শনিবার অনুষ্ঠিত সভায় মেহেরপুর জেলা পুলিশ সুপার জনাব মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী অফিসার ও ফোর্সদের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, চুরি-ছিনতাই, সন্ত্রাসবাদ, সাম্প্রদায়িক উস্কানি,

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচন বাধাগ্রস্তের চেষ্টা চলছে: অভিযোগ আমীর খসরুর

সূর্যোদয় প্রতিবেদন

'গণতন্ত্রবিরোধীরা' দেশে নির্বাচনী প্রক্রিয়াকে বিলম্বিত বা বাধাগ্রস্ত করার চেষ্টা করছে বলে অভিযোগ করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, গণতন্ত্র পুনরুদ্ধারের লড়াই এখনো শেষ হয়নি, আর একটি সুষ্ঠু নির্বাচনই সেই পথকে সুগম করতে পারে।

শনিবার (২২ নভেম্বর) জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে জিয়া পরিষদের উদ্যোগে বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর-১: বিএনপি প্রার্থী মাসুদ অরুনের তহবাজার ও বাগুয়ানে গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

আসন্ন ত্রয়োদশ সংসদ নির্বাচনের আগে মেহেরপুরে-১ আসনে বিএনপি মনোনীত প্রার্থী মাসুদ অরুন শনিবার সকালে তহবাজার এলাকায় ব্যাপক গণসংযোগ করেছেন। গণসংযোগকালে তিনি বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবিসম্বলিত প্রচার পত্র বিতরণ করেন। এ সময় বিএনপি ও

২-এর পৃষ্ঠা দেখুন



## আমঝুপিও পিরোজপুরে জামায়াতে ইসলামী'র গণসংযোগ কর্মসূচি

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার আমঝুপি গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকেল ৪টার দিকে আমঝুপি গ্রামের প্রধান সড়কসহ বাজারের বিভিন্ন দোকানপাটে গিয়ে এ গণসংযোগ পরিচালনা করা হয়। মেহেরপুর-১ আসনের জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থী মাওলানা তাজউদ্দিন খানের পক্ষে গণসংযোগে অংশ নেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর নায়েবে আমির মাওলানা মাহবুব আলম, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, মেহেরপুর সদর

২-এর পৃষ্ঠা দেখুন

## মিরপুরে জয় থেকে মাত্র ৪ উইকেট দূরে বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

মিরপুর টেস্টের চতুর্থ দিনের খেলা শেষে জয় থেকে মাত্র ৪ উইকেট দূরে বাংলাদেশ ক্রিকেট দল। পঞ্চম দিনে মাত্র ৪ উইকেট শিকার করলেই টাইগাররা মিরপুরে কাঙ্খিত জয় পাবে। চতুর্থ দিনের খেলা শেষে আয়ারল্যান্ড ৫০৯ রানের লক্ষ্য তাড়ায় ৬ উইকেট হারিয়ে ১৭৬ রান করেছে। ৫০ রান করে সাজঘরে ফিরেছেন হ্যারি টাকার, অপরাজিত আছেন ৩৪ রানে কার্টিস ক্যাম্পার। বাংলাদেশ প্রথম ইনিংসে দুর্দান্ত ব্যাটিং প্রদর্শন করেছে। প্রথম ইনিংসে মুশফিকুর রহিম ক্যারিয়ারের ১০০তম টেস্ট খেলে ১০৬ রানের সেঞ্চুরি করেন। ২২৪ বল মোকাবেলা করে ৫টি চার মেরে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে র‍্যাব এর অভিযানে ক্রুপেনর-ফিন ইনজেকশনসহ দু'জন গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে র‍্যাব-১২, সিপিসি ৩ এর অভিযানে ভারতীয় তৈরি নেশাজাতীয় ক্রুপেনরফিন ইনজেকশনসহ দুই মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়েছে। গতকাল দুপুর সাড়ে ১২টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলার আলোকদিয়া ইউনিয়নের ভালাইপুর মোড়ে এ অভিযান পরিচালনা করে র‍্যাব। গ্রেপ্তারকৃতরা হলেন– মো. টোকন (৪৫) এবং মো. শফি মণ্ডল (৪৪)। তাদের দুজনেরই বাড়ি দৌলদিয়া এলাকায়। অভিযানে তাদের কাছ থেকে ১০০ পিস ক্রুপেনরফিন ইনজেকশন (২ মি.লি.) উদ্ধার করা হয়। র‍্যাব জানায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে

২-এর পৃষ্ঠা দেখুন

## প্রার্থিতা নিয়ে অস্থিরতা দূর করতে আবারও মাঠ জরিপে বিএনপি

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে দলীয় প্রার্থিতা নিয়ে নেতাকর্মীদের অস্থিরতা নিরসনে নতুন উদ্যোগ নিয়েছে বিএনপি। বিরোধপূর্ণ ও প্রশ্নবিদ্ধ আসনগুলোতে আবারও মাঠ জরিপ পরিচালনার সিদ্ধান্ত নিয়েছে দলটি। জরিপের ফলের ওপর ভিত্তি করেই চূড়ান্ত প্রার্থী তালিকা করা হবে বলে জানিয়েছেন দলীয় নেতারা। এতে প্রায় অর্ধশত আসনে পরিবর্তন আসতে পারে বলে দলীয় সূত্রের তথ্য। গত ৩ নভেম্বর মাঠ পর্যায়ের একাধিক জরিপ, বিভাগীয় ও জেলা নেতাদের মতামতের ভিত্তিতে ২৩৭ আসনের সম্ভাব্য প্রার্থী তালিকা ঘোষণা করে বিএনপি। কিন্তু তালিকা প্রকাশের পর থেকেই অনেক জায়গায় বিক্ষোভ শুরু হয়। ক্ষুব্ধ নেতাকর্মীরা বিভিন্ন স্থানে মিছিল-মিটিং ও প্রতিবাদে নামে। এমনকি কয়েকটি এলাকায় সংঘর্ষের ঘটনাও ঘটে। পদবঞ্চিত অনেক নেতা ইতোমধ্যেই স্বতন্ত্র প্রার্থী হওয়ার ঘোষণা দিয়েছেন। এই পরিস্থিতি মোকাবিলায় নতুন করে জরিপে নেমেছে বিএনপি। মনোনয়নবঞ্চিত অনেক নেতাকে ঢাকায় ডেকে আলোচনা করা হয়েছে। কোথাও কোথাও তাদের

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর ঃ (ভূমিকম্পে সারাদেশে ১০ জনের প্রাণহানি)

এক ঝাঁকিতে বিল্ডিং কাত<br>
মৃত্যু গোটা দশ<br>
ঝাকি একটু বেশি হলে<br>
নামতো মৃত্যুর ধস।<br>
আল্লাহর মার বড় মার<br>
রেখো সবাই মনে<br>
রাখে আল্লাহ মারে কে<br>
গুণীজনেরা বলে।<br>
ঈমান আমান নষ্ট হচ্ছে<br>
করছি পাপ বেশি<br>
মাঝে মধ্যে দিচ্ছে ঠেলা<br>
ধরবে যেদিন কোশি ।<br>
অট্টালিকা বানাচ্ছে কত<br>
মানছে না কেউ নীতি<br>
পড়বে যেদিন আল্লাহর গজব<br>
রাখবেনা কোন স্মৃতি।




সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✔ অথেনটিক প্রোডাক্ট
✔ সেরা দাম
✔ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ রোববার ॥ ৮ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ॥ ২৩ নভেম্বর ২০২৫ইং

## স্বাস্থ্যকর্মী নিয়োগ ও ইন্টারনেট সংযোগে ভুটানের সঙ্গে দুই সমঝোতা

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ও ভুটান স্বাস্থ্য খাতে সহযোগিতা এবং ইন্টারনেট সংযোগ বৃদ্ধিতে দুটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে। শনিবার তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে দুই দেশের শীর্ষ নেতাদের দ্বিপক্ষীয় বৈঠক শেষে এসব চুক্তি সই হয়। বিষয়টি নিশ্চিত করেছেন প্রধান উপদেষ্টার উপপ্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার। স্বাস্থ্যকর্মী নিয়োগ ও স্বাস্থ্যসেবা উন্নয়নে প্রথম সমঝোতা স্মারকটি সই করেন বাংলাদেশের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এবং ভুটানের স্বাস্থ্য মন্ত্রণালয়ের প্রতিনিধিরা। বাংলাদেশের পক্ষে নথিতে সই

৩-এর পৃষ্ঠা দেখুন

## পুরান ঢাকার অধিকাংশ ভবন ঝুঁকিপূর্ণ

সূর্যোদয় প্রতিবেদন

পুরান ঢাকার অধিকাংশ ভবনই ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে বলে মন্তব্য করেছেন রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মো. রিয়াজুল ইসলাম। শনিবার (২২ নভেম্বর) বংশাল এলাকায় বিভিন্ন স্থাপনা পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। একই সঙ্গে ভবনের সামনে থাকা অবৈধ তাঁবু, ছাউনি ও দখল করা অংশ দ্রুত উচ্ছেদের নির্দেশও দেন তিনি কসাইটুলি এলাকায় ভূমিকম্পে রেলিং ভেঙে পড়া ভবনটির নকশা মালিকপক্ষ দেখাতে ব্যর্থ হয় উল্লেখ করে রাজউক চেয়ারম্যান বলেন, “আগামী ৭ দিনের মধ্যে ভবনের নকশা দেওয়া না হলে ভবনটি সিলগালা করা হবে।” তিনি জানান, পুরান ঢাকার বড় অংশে নকশাবিহীন, অনুমোদন ছাড়াই নির্মিত বহুতল ভবনের সংখ্যা দ্রুতই বেড়ে গেছে। “এক কাঠার কম জমিতে ৬-৭ তলা ভবন উঠে গেছে। অথচ এক কাঠার নিচে আমরা অনুমোদন দিই না। যারা জোর করে ভবন তুলছে, তাদের বিদ্যুৎ মিটার কেটে দিচ্ছি। তারপরও আবার চোরাই সংযোগ বা জেনারেটর দিয়ে নির্মাণ চালিয়ে যাচ্ছে,” বলেন তিনি। ঝুঁকিপূর্ণ ভবনের ঝুঁকি কমাতে কম জমির ওপর নির্মিত পুরনো বা অত্যধিক উঁচু ভবন ভেঙে পার্শ্ববর্তী মালিকদের সঙ্গে মিলেমিশে নতুন ভবন নির্মাণের পরামর্শ দেন রাজউক চেয়ারম্যান। তার মতে, “প্রথমদিকে ক্ষতি মনে হলেও নতুন ভবনের উচ্চতা ও সুযোগসুবিধা শেষ পর্যন্ত মালিকদের আর্থিকভাবে লাভবান করবে।” পরিদর্শনের সময় তিনি বিভিন্ন ভবনের সামনে থাকা ছাউনি, দোকান ও তাঁবুপল্লি অবৈধভাবে দখল করা অংশ উচ্ছেদের নির্দেশ দেন। রাজউক চেয়ারম্যান বলেন, “পুরান ঢাকার শত বছরের ঐতিহ্য বজায় রেখে পরিকল্পিত নগরায়ণই আমাদের লক্ষ্য। এজন্য সব ধরনের অনিয়ম দূর করা হবে।” উল্লেখ্য, গত শুক্রবার (২১ নভেম্বর) সকালকার ভূমিকম্পে পুরান ঢাকার কসাইটুলীতে রেলিং ধসে তিনজনসহ সারাদেশে মোট ১১ জনের প্রাণহানির ঘটনা ঘটে। আহত তিন শতাধিক মানুষ দেশের বিভিন্ন সরকারি হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। ঢাকার বিভিন্ন স্থাপনা ও ভবনে ফাটল, ধস ও হেলেপড়া দেখা দেয়, যা পুরান ঢাকার ভবনের ঝুঁকি নিয়ে নতুনভাবে উদ্বেগ সৃষ্টি করেছে।

## নির্বাচনের মাধ্যমে দেশে নতুন ইতিহাস রচিত হবে: জামায়াত আমির

সূর্যোদয় প্রতিবেদন

আগামী নির্বাচনের মাধ্যমেই দেশে “নতুন ইতিহাস” রচিত হবে বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি দাবি করেন, গণঅধিকার ও ন্যায়ের পক্ষে জনগণের অবস্থান দৃঢ় হচ্ছে, আর ইসলামী রাজনৈতিক শক্তিগুলোর ঐক্য সেই ধারা আরও সুসংহত করবে।

শনিবার (২২ নভেম্বর) বেলা ১১টায় ঝালকাঠির নেছারাবাদ মাদ্রাসা ময়দানে মুছলিহিনের জাতীয় প্রতিনিধি সম্মেলনে যোগ দিয়ে তিনি এসব কথা বলেন। জামায়াত আমির বলেন, “বিগত দিনের মতো কেউ যদি ভোট ইঞ্জিনিয়ারিং বা কেন্দ্র দখলের

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## শীতে এলার্জির সমস্যা রোধে ৫ উপায়

সূর্যোদয় প্রতিবেদন

শীত শুরু হতে না হতেই অনেকেই হাঁচি-কাশি, নাক বন্ধ, গলা চুলকানি বা ত্বকের শুষ্কতার মতো এলার্জিতে ভোগেন। আবহাওয়ার পরিবর্তন, ধুলো ও বাতাসের শুষ্কতার কারণে এ সময় এলার্জি দ্রুত বেড়ে যায়। তবে কিছু অভ্যাস মেনে চললে মৌসুমে এই অস্বস্তি থেকে নিজেকে সুরক্ষিত রাখা যায়। ১. ঘর ধুলো মুক্ত রাখুন : শীতে জানালা কম খোলা হয়, ফলে ঘরে ধুলো-মাইট জমে থাকে–যা এলার্জির সবচেয়ে বড় কারণ। তাই নিয়মিত ঝাড়ু-পোঁছা করুন, বিছানার চাদর, বালিশের কভার সপ্তাহে অন্তত একবার ধুয়ে নিন এবং পর্দা পরিষ্কার রাখুন। ২. ঘরের আর্দ্রতা বজায় রাখুন : শীতের শুষ্ক বাতাস নাক ও গলার ভেতর শুষ্কতা তৈরি করে এলার্জি বাড়ায়। হুমিডিফায়ার ব্যবহার করলে ঘরের বাতাস আর্দ্র থাকে। চাইলে ঘরে পানি ভরা বাটি বা ভেজা কাপড় ঝুলিয়েও আর্দ্রতা বাড়ানো যায়। ৩. উষ্ণ খাবার ও পর্যাপ্ত পানি পান : গরম পানি, হারবাল চা, স্যুপ-এসব শরীর গরম রাখে এবং শ্বাসনালীকে আরাম দেয়। পাশাপাশি সারাদিন পর্যাপ্ত পানি পান করলে শরীরের প্রতিরোধক্ষমতা বাড়ে এবং এলার্জির প্রভাব কমে। ৪. বাইরে গেলে নাক-মুখ ঢেকে রাখুন : ঠান্ডা বাতাস ও ধুলোবালু এলার্জির অন্যতম বড় কারণ। তাই বাইরে বের হলে অবশ্যই মাস্ক অথবা স্কার্ফ দিয়ে নাক-মুখ ঢেকে রাখুন। এতে

৩-এর পৃষ্ঠা দেখুন




## গাংনী উপজেলা স্বাস্থ্যসেবার উন্নয়নে সুধী সমাবেশ অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক. গাংনী

গাংনী উপজেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে উপজেলা স্বাস্থ্যসেবার উন্নয়নমূলক করণীয় নির্ধারণে এক সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল ৭টায় দারুল ইয়াতীম মাদ্রাসা প্রাঙ্গণে এ সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অধ্যাপক মাওলানা আবুল হাসেম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিএফ সভাপতি ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা কর্মপরিষদ সদস্য জনাব আব্দুস সালাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক্তার মো. রবিউল ইসলাম, ডাক্তার আব্দুল মজিদ, সংসদ সদস্য প্রার্থী মো. নাজমুল হুদা ও মো. শফিকুল ইসলাম প্রমুখ সুধীজন। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, “সুস্বাস্থ্য সকল সুখের মূল। সুস্থ থাকতে হলে আমাদের অবশ্যই রাসুল (সা.)-এর আদর্শের অনুসরণ করতে হবে। কম খাওয়া, হালাল

৩-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ার ভেড়ামারায় আধিপত্যের দ্বন্দ্বে গুলি, কৃষক নিহত

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলায় আধিপত্য বিস্তারের দ্বন্দ্বের জেরে এক কৃষককে গুলি করে হত্যা করা হয়েছে। ঘটনায় আরও একজন গুলিবিদ্ধ হয়েছেন। ভেড়ামারা থানার ওসি আব্দুর রউফ তালুকদার জানান, শুক্রবার (২১ নভেম্বর) রাত সাড়ে ৮টার দিকে বাহাদুরপুর ইউনিয়নের রায়টা নতুনপাড়া এলাকায় এই হামলার ঘটনা ঘটে। নিহত রেফাজুল ইসলাম (৫০) রায়টা নতুনপাড়া এলাকার জামাত মণ্ডলের ছেলে। আহত লালন মণ্ডল (৪৫) একই এলাকার কালু মাঝির ছেলে। পুলিশ ও স্থানীয়রা জানায়, রাতে রেফাজুল ও লালন স্থানীয় দোকানে কেনাকাটা করছিলেন। এ সময় কয়েকজন অস্ত্রধারী হঠাৎ তাদের লক্ষ্য করে গুলি ছোড়ে। ঘটনায় রেফাজুল ঘটনাস্থলেই মারা যান, আর লালন গুরুতর আহত হন। সংবাদ পেয়ে পুলিশ নিহতের

৩-এর পৃষ্ঠা দেখুন




## ক্ষমতায় গেলে মাধ্যমিক শিক্ষা জাতীয়করণে বিএনপির অঙ্গীকার: আমজাদ হোসেন

নিজস্ব প্রতিবেদক.গাংনী

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি সরকার গঠন করতে পারলে দেশের সকল মাধ্যমিক বিদ্যালয় জাতীয়করণ করা হবে বলে ঘোষণা দিয়েছেন মেহেরপুর-২ আসনে ধানের শীষের প্রার্থী ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন। গতকাল শনিবার সকালে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকদের সাথে মতবিনিময়ে তিনি বলেন, জাতীয়করণের মাধ্যমে শিক্ষকরা বৈষম্যমুক্ত নিরাপদ ক্যারিয়ার কাঠামোর আওতায় আসবেন। বর্তমান সরকারের শিক্ষাব্যবস্থার অব্যবস্থাপনার সমালোচনা করে তিনি জানান, শিক্ষক সংকট, পদোন্নতি জটিলতাসহ নানা সমস্যায় মাধ্যমিক শিক্ষা পিছিয়ে রয়েছে। তনি আরও বলেন, বিএনপি ক্ষমতায় এলে শিক্ষাখাতে বাজেট বৃদ্ধি,

৩-এর পৃষ্ঠা দেখুন

## একদিকে আত্মমর্যাদা, অন্যদিকে যুক্তরাষ্ট্র–চরম সংকটে জেলেনস্কি

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার সঙ্গে চলমান যুদ্ধের মোড় ঘোরাতে যুক্তরাষ্ট্রের নতুন শান্তি পরিকল্পনা সামনে আসার পর ইউক্রেন পড়েছে সবচেয়ে কঠিন সিদ্ধান্তের মুখে–আত্মমর্যাদা ও সার্বভৌমত্ব রক্ষা, নাকি প্রধান কৌশলগত মিত্রের সমর্থন ধরে রাখা। শুক্রবার জাতির উদ্দেশ্যে দেওয়া ভাষণে প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি এ সংকটকে “ইউক্রেনের ইতিহাসের সবচেয়ে কঠিন সময়গুলোর একটি” বলে উল্লেখ করেন। কিয়েভে প্রেসিডেন্সিয়াল অফিসের সামনে দেওয়া ১০ মিনিটের ভাষণে জেলেনস্কি বলেন, “হয় মর্যাদা হারানোর ঝুঁকি নিতে হবে, নয়তো সবচেয়ে গুরুত্বপূর্ণ সহযোগী দেশটিকে হারানোর সম্ভাবনা আছে। আমরা খুব কঠিন অবস্থায় আছি।” যুক্তরাষ্ট্রের অস্ত্র, আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা, গোয়েন্দা তথ্য–সবকিছুতেই

৩-এর পৃষ্ঠা দেখুন



## ঝিনাইদহে বিয়ের দাওয়াত না পেয়ে সংঘর্ষ, ৫ আহত

নিজস্ব প্রতিবেদক. ঝিনাইদহ

ঝিনাইদহ সদর উপজেলার আলিয়ার-বাকড়ি গ্রামে বিয়ের অনুষ্ঠানে দাওয়াত না পেয়ে দুইপক্ষের সংঘর্ষে পাঁচজন আহত হয়েছেন। স্থানী-য়রা বলছেন, ঘটনায় কোনো রাজনৈতিক বিষয় নেই। আহতদের মধ্যে নরহরিদ্রা গ্রামের রিয়াজুল মন্ডল (৪৫) ও বাকড়ি গ্রামের সিল্টু শেখ (৪০) সদর হাসপাতালে ভর্তি হয়েছেন। তাদের শরীরে লাঠি ও ইটের আঘাতের চিহ্ন রয়েছে, তবে শারীরিক অবস্থা স্থিতিশীল। বাকিরা স্থানীয়ভাবে চিকিৎসা নিয়েছেন। রফিকুল ইসলামের মেয়ের কিছুদিন আগে বিয়ে হয়। শুক্রবার মেয়েকে আনুষ্ঠানিকভাবে বিদায় দেওয়ার সময় গ্রামের শাহীন মিয়া ও তার বাবা দুদু মিয়াকে দাওয়াত দেওয়া হয়নি। এ নিয়ে রফিকুল ইসলামের সঙ্গে শাহীনের সমর্থকদের মধ্যে মনোমালিন্য তৈরি হয়। শনিবার সকাল সাড়ে ৬টায় শাহীন,

৩-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে কলেজ শিক্ষকেদের মাসুদ অরুণকে ফুলেল শুভেচ্ছা

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জাতীয়তাবাদী কলেজ শিক্ষক সমিতি মেহেরপুর শাখার শিক্ষকদের পক্ষ থেকে মেহেরপুর-১ আসনের ধানের শীষ মনোনীত প্রার্থী মাসুদ অরুণকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে। শনিবার দুপুরে দলীয় কার্যালয়ে এই শুভেচ্ছা জানানো হয়। সমিতির নেতা মাহফুজুর রহমান অশেষের নেতৃত্বে শিক্ষক প্রতিনিধি দল মাসুদ অরুণকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।

## কুষ্টিয়ার দৌলতপুর সীমান্তে আটক এক ভারতীয় যুবক

নিজস্ব প্রতিবেদক. কুষ্টিয়া



কুষ্টিয়ার দৌলতপুর সীমান্ত এলাকা থেকে ভারতীয় নাগরিক এক যুবককে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। শনিবার (২২ নভেম্বর) বেলা সাড়ে ১১টার দিকে বিজিবির ৪৭ ব্যাটালিয়নের আওতাধীন জামালপুর বিওপির টহল দল সীমান্ত পিলার ১৫২/৬-এস থেকে প্রায় ২০০ গজ ভেতরে ক্যাম্পপাড়া এলাকা থেকে তাঁকে আটক করে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে যুবকটি নিজেকে ওপেনদার (৩০) নামে পরিচয় দিয়েছেন। তিনি ভারতের বিহার রাজ্যের উচ্ছাগাও থানার শাখে খাস ইন্দ্রাটোল গ্রামের বাসিন্দা বলে জানিয়েছেন, তবে বাবার নাম বলতে পারেননি। তল্লাশিকালে তাঁর

৩-এর পৃষ্ঠা দেখুন




## বেহেশতের টিকিট নয়, এলাকার উন্নয়নই বিএনপির প্রতিশ্রুতি: মাহমুদ হাসান খান বাবু

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি ও চুয়াডাঙ্গা-২ আসনের মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খান বাবু বলেছেন, ভোটের মাধ্যমে দেশের উন্নয়ন নিশ্চিত করা সম্ভব, কিন্তু বেহেশতের টিকিট তারা দিতে পারবে না। শনিবার বিকেলে জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নে অনুষ্ঠিত পথসভায় তিনি এ মন্তব্য করেন। তিনি বলেন, “আমরা সেই

৩-এর পৃষ্ঠা দেখুন

জামান বস্ত্রালয়
আপনার আস্থার পোশাকের ঠিকানা
- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## পৃথিবীতে প্রাণের প্রাচীনতম নিদর্শন আবিষ্কার!

সূর্যোদয় প্রতিবেদন

দক্ষিণ আফ্রিকায় প্রায় ৩৩০ কোটি বছরের একটি পাথর খুঁজে পেয়েছেন বিজ্ঞানীরা। আধুনিক পদ্ধতিতে তার মধ্যে প্রাণের চিহ্ন আবিষ্কার করেছেন তারা। সে সময়ে পৃথিবীর বয়স ছিল, আজ যা, তার এক-চতুর্থাংশ। বিজ্ঞানী-রা প্রমাণ পেয়েছেন, সেই অণুজীব সালোকসংশ্লেষের মাধ্যমে অক্সিজেন তৈরি করত। অর্থাৎ সূর্যরশ্মি থেকে শক্তি তৈরি করত। অণুজীবের ফেলে যাওয়া অণু পরীক্ষা করেই এই সিদ্ধান্তে পৌঁছেছেন বিজ্ঞানীরা। তারা ২৩০ থেকে ২৫০ কোটি বছর আগে জীবের সালোকসংশ্লেষের মাধ্যমে শক্তি উৎপাদনের প্রমাণ পেয়েছেন। তার আগে তাদের ধারণা ছিল, সালোকসংশ্লেষকারী জীব পৃথিবীতে এসেছে অন্তত আরও ৮০ কোটি বছর পরে।



আমেরিকার কার্নেজি ইনস্টিটিউশনের গবেষক রবার্ট হ্যাজেন জানিয়েছেন, প্রাচীন জীবের শুধু জীবাশ্ম ছেড়ে যায়নি। রাসায়নিক ‘প্রতিধ্বনি’ও রেখে গিয়েছে।

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন-রাত মানবিক সেবার লক্ষে
কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮
স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-
মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা
ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা
নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা
গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা
--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --
হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।
ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, রোববার, ২৩ নভেম্বর ২০২৫ ইং

## মেহেরপুরের সম্ভাবনাময় জিআই পণ্য

মেহেরপুর জেলা দেশের অর্থনৈতিকভাবে সম্ভাবনাময় অঞ্চলগুলোর মধ্যে অন্যতম। জেলার প্রধান আয়ের উৎস হলো কৃষি। এই অঞ্চলের কিছু বিশেষ কৃষিপণ্য জিআই (জিওগ্রাফিক ইন্ডিকেটর) স্বীকৃতি পেলে জাতীয় ও আন্তর্জাতিক বাজারে সুনাম ও চাহিদা বৃদ্ধির সম্ভাবনা রয়েছে।

মেহেরপুরের পরিচিত জিআই সম্ভাব্য পণ্যের মধ্যে রয়েছে সাবিত্রী মিষ্টি, রসকদম্ব মিষ্টি, হিমসাগর আম এবং মেহেরসাগর কলা। দেড়শ বছরের বেশি ইতিহাস সম্বলিত সাবিত্রী মিষ্টি বাসুদেব সাহার হাতে উৎপাদন শুরু হয়। চমকদার মতো আকৃতি হলেও স্বাদে অনন্য-হালকা নোনতা ও ভিতরে রসালো। মিষ্টির গায়ে খুদাই করা নামও এক বিশেষত্ব, যা অন্য কোনো মিষ্টিতে দেখা যায় না। ব্রিটিশ শাসন আমলের রসকদম্ব মিষ্টিও প্রজন্মের পর প্রজন্ম ধরে টিকে আছে। ভিতরে থাকা রস এবং হোমিওপ্যাথি ঔষধের মতো সাদা অংশ মিষ্টিকে স্বতন্ত্র করেছে। পশ্চিমবঙ্গে একই নামে জিআই প্রক্রিয়াধীন থাকায় মেহেরপুরের রসকদম্বের জন্য দ্রুত জিআই অর্জনের প্রয়োজন রয়েছে। মেহেরপুরের হিমসাগর আম দেশে ও বিদেশে সুনাম কুড়িয়েছে। জেলার মাটি ও ভৌগোলিক বৈশিষ্ট্য আমকে অনন্য করেছে। প্রতি বছরের মে মাসে আম উৎসব জেলার কৃষি ও অর্থনৈতিক চিত্রে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করে। মেহেরসাগর কলা রোগ-বালাই কম এবং বছরে তিনবার উৎপাদনযোগ্য হওয়ায় কৃষকের কাছে বেশ জনপ্রিয়।

জিআই স্বীকৃতি পেলে এই পণ্যের নিজস্ব ব্র?্যান্ডিং ও বাজার সম্প্রসারণে সহায়তা হবে। মেহেরপুরের সম্ভাব্য জিআই পণ্যগুলো শুধু জেলা নয়, দেশের অর্থনীতিতেও নতুন সম্ভাবনার দ্বার খুলে দিতে পারে। স্বীকৃতি লাভের মাধ্যমে কৃষকের আয়ের পাশাপাশি স্থানীয় অর্থনীতি আরও শক্তিশালী হবে।

## গাংনীতে মনোনয়ন পরিবর্তনের

(প্রথম পৃষ্টার পর)

মানববন্ধনের উদ্বোধন করা হয়। মানব বন্ধনে উপস্থিত ছিলেন– গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন, সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল,

সাংগঠনিক সম্পাদক আব্দাল হক, গাংনী পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলামসহ উপজেলা, পৌর বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল, ছাত্রদল ও সহযোগী সংগঠনের নেতারা। মানববন্ধন ঘিরে সড়কের দুই পাশে অংশগ্রহণকারীরা নির্ধারিত সময় পর্যন্ত শান্তিপূর্ণভাবে কর্মসূচি পালন করেন। স্থানীয় পর্যবেক্ষকদের মতে, মনোনয়ন নিয়ে গাংনীতে রাজনৈতিক পরিস্থিতিতে নতুন আলোচনার সৃষ্টি হয়েছে। তৃণমূলের বৃহৎ অংশের অংশগ্রহণ কেন্দ্রীয় সিদ্ধান্তে প্রভাব ফেলতে পারে বলেও তারা মনে করেন। অংশগ্রহণকারীরা জানান, এ মানববন্ধন দলীয় নির্দেশে নয়; বরং স্থানীয় অসন্তোষের প্রেক্ষিতে স্বতঃস্ফূর্ত গণঅংশগ্রহণের ফল।

## অন্ধকারে ঢেকে যাচ্ছে নারীর জীবন

(প্রথম পৃষ্টার পর)

হয়। অল্প বয়সে বিয়ের পর গর্ভধারণে কিশোরীরা গুরুতর স্বাস্থ্যের ঝুঁকিতে পড়ে। অভিযোগ করলে দ্রুত ফলাফল না পাওয়ায় ভুক্তভোগীরা নিরুৎসাহিত হন। গবেষকেরা বলছেন, ১৮ বছরের আগেই বিয়ে হওয়া মেয়েদের– মাতৃমৃত্যুর ঝুঁকি ৫ গুণ, স্কুল ছাড়ার হার ৪ গুণ ও পারিবারিক সহিংসতার শিকার হওয়ার সম্ভাবনা দ্বিগুণ। একজন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ বলেন, "এটি শুধু একটি পরিবারের সমস্যা নয়; এটি ভবিষ্যৎ প্রজন্মের স্বাস্থ্য, শিক্ষা ও অর্থনৈতিক সক্ষমতাকে ধ্বংস করে দিচ্ছে।"

এনজিও, প্রশাসন ও নারী অধিকার সংগঠনগুলোর প্রস্তাব– মেয়েদের স্কুলে ফিরিয়ে রাখতে আর্থিক প্রণোদনা বাড়ানো, গ্রামে গ্রামে সচেতনতা টিম গঠন, কিশোরী ক্লাব, পরামর্শ কেন্দ্র ও হটলাইন সেবা শক্তিশালী করা, ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ মনিটরিং সেল সক্রিয় করা, থানা-উপজেলায় নারী-বান্ধব আইনি সহায়তা ডেস্ক বৃদ্ধি। ইমাম, শিক্ষক ও জনপ্রতিনিধিদের যৌথভাবে সম্পৃক্ত করা। বিশেষজ্ঞদের মত– শুধু অভিযান চালিয়ে বাল্যবিবাহ ঠেকানো সম্ভব নয়। প্রয়োজন দীর্ঘমেয়াদী সামাজিক আন্দোলন।" মেহেরপুরের কিশোরী মেয়েদের শৈশব, শিক্ষার স্বপ্ন ও নিরাপত্তা–সবক্ষেত্রেই একটি অন্ধকার ছায়া নেমে এসেছে। বাল্যবিবাহের ফাঁস এবং নারী নির্যাতনের থাবা যদি এখনই থামানো না যায়, তবে আগামী প্রজন্ম আরও বড় সামাজিক সংকটে আক্রান্ত হবে–এমন সতর্কবার্তাই দিচ্ছেন গবেষক ও মাঠকর্মীরা।

## সাড়ে ৩১ ঘণ্টায় তিনবার ভূমিকম্প

(প্রথম পৃষ্টার পর)

তথ্যমতে, ভূমিকম্পের মাত্রা ছিল ৪ দশমিক ৩। উৎপত্তিস্থল নরসিংদী থেকে ১১ কিলোমিটার পশ্চিমে। এর উৎপত্তি ভূপৃষ্ঠের ১০ কিলোমিটার গভীরে।

তবে ইউরোপিয়ান মেডিটেরিয়ান সিসমোলজিক্যাল সেন্টারের তথ্য অনুযায়ী, রিখটার স্কেলে এই ভূমিকম্পের মাত্রা ছিল ৩ দশমিক ৭। এর আগে গতকাল সকালে নরসিংদীতেই আরও একটি মৃদু ভূমিকম্প হয়। জেলার পলাশ উপজেলায় সকাল ১০টা ৩৬ মিনিট ১২ সেকেন্ডে ভূমিকম্পটি অনুভূত হয়। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৩ দশমিক ৩।

## গাংনীতে দালাল চক্রের প্রতারণা

(প্রথম পৃষ্টার পর)

আফজাল হোসেন জানান, ২০২৫ সালের ৫ অক্টোবর সাহারবাটিয়া গ্রামের দালাল মিরাজুল ইসলামের মাধ্যমে ১৪ লাখ টাকায় সজীবকে সিঙ্গাপুরে পাঠানোর চুক্তি করেন। প্রাথমিকভাবে ২ লাখ টাকা অগ্রিমসহ ধাপে ধাপে নগদ ও ব্যাংকের মাধ্যমে আরও ১২ লাখ ৯ হাজার ২০০ টাকা পরিশোধ করা হয়। প্রতিশ্রুতি অনুযায়ী সজীবকে সিএসসি ইঞ্জিনিয়ারিং কনস্ট্রাকশন পিডিবি লিমিটেডে লেবার হিসেবে পাঠানো হলেও সেখানে টানা ৯ মাস তাকে বেতন ছাড়া কাজ করানো হয়। পরিবারের অভিযোগ–ওই বেতন মিরাজুলের ছেলে সাহাবুল ইসলাম তুলে নেন। এ সময় কোম্পানি বন্ধ হয়ে যাওয়ার পর গত তিন মাস ধরে সজীবের সঙ্গে কোনো যোগাযোগ নেই। ফোনও বন্ধ পাওয়া যাচ্ছে। চুক্তিতে কোম্পানি কাজ দিতে না পারলে মাসে ৫০-৬০ হাজার টাকা দেওয়ার কথা থাকলেও তিন মাস ধরে কোনো অর্থ পাননি সজীবের পরিবার; বরং উল্টো দালাল চক্রের হুমকির মুখে পড়েছেন বলে জানান আফজাল। ঘটনার প্রত্যক্ষদর্শী ইউপি সদস্য আবুল কালাম জানান, প্রায় দেড় বছর আগে পাসপোর্টসহ অর্ধেক টাকা নগদ দেওয়া হয়েছিল, পরে ব্যাংকের মাধ্যমে বাকি টাকা পরিশোধ করা হয়। তবুও সজীবের কোনো স্থায়ী কাজের ব্যবস্থা করা হয়নি। অভিযুক্ত মিরাজুল ইসলাম দাবি করেন, কোম্পানি দেউলিয়া হওয়ায় সজীবকে আইপি ভিসা দেওয়া সম্ভব হয়নি। তিনি বলেন, ''বেতন না দেওয়ার বিষয়টি ঠিক নয়। চলতি মাসের ২৮ তারিখ তার দেশে ফেরার কথা রয়েছে। কিছুদিন সময় দিলে আবার সিঙ্গাপুরে পাঠানো হবে।'' গাংনী থানার ওসি বাণী ইসরাইল জানান, এখনও কেউ লিখিত অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

## মেহেরপুরে পুলিশের মাসিক আইন-

(প্রথম পৃষ্টার পর)

মাদক নির্মূল, অনলাইন জুয়া ও কিশোর গ্যাংসহ বিভিন্ন অপরাধ দমন সম্পর্কিত নির্দেশনা প্রদান করেন। পুলিশ সুপার কর্মকর্তাদের সততা, সাহসিকতা, নিষ্ঠা ও পেশাদারিত্বের সঙ্গে জেলাবাসীকে সেবা প্রদানের জন্য তাগাদা দেন। এছাড়াও জেলার গুরুত্বপূর্ণ মামলার অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। সভায় অক্টোবর মাসে মাদকদ্রব্য উদ্ধার, আসামী গ্রেফতার ও সাজা-ওয়ারেন্ট তামিলসহ বিভিন্ন ভালো কাজের স্বীকৃতি স্বরূপ নগদ অর্থ প্রদান করা হয়।সভায় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল)সহ জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।


## আমঝুপিও পিরোজপুরে জামায়াতে

(প্রথম পৃষ্টার পর)

উপজেলার সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, ইউনিয়ন আমির মহসিন আলী, সেক্রেটারি রকিবুল আলম মুক্তসহ ইউনিয়নের নেতৃবৃন্দ। গণসংযোগকালে বক্তারা বলেন, আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা আরও বৃদ্ধি করতে হবে এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন নিশ্চিত করতে হবে। এ দিকে মেহেরপুর সদর উপজেলা পিরোজপুর ইউনিয়নের বলিয়ারপুর গ্রামে শনিবার রাতে জামায়াতে ইসলামী নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়েছে। পিরোজপুর ইউনিয়ন ভারপ্রাপ্ত আমির মিয়ারুল ইসলামের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন জেলা জামায়াতে ইসলামী নায়েবে আমির মাওঃ মাহবুবল উল আলম। বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, সেক্রেটারি জাব্বারুল ইসলাম, সদর উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুল হোসাইন, পিরোজপুর ইউনিয়নের ৯ নং ওয়ার্ড সভাপতি আব্দুল রহিম ও ৮ নং ওয়ার্ড সভাপতি শাহিন আলম। সভায় বক্তারা বলেন, মানুষের কল্যাণ, ন্যায় ও নীতির ভিত্তিতে একটি সুন্দর সমাজ গঠনের জন্য জামায়াতে ইসলামী কাজ করে যাচ্ছে। জনগণের দোয়া ও সহযোগিতা পেলে তারা উন্নত ও সুশাসনভিত্তিক সমাজ গড়তে সক্ষম হবে।

# কাঁপন থেমেছে, কিন্তু ঝুঁকি নয়–প্রস্তুতি এখনো শূন্যের কোঠায়

লাবীবা আরজুমান্দ



গত শুক্রবার সকালে দেশ ও রাজধানীর নিকটবর্তী এলাকায় অনুভূত কম্পন একবারে আমাদের দীর্ঘকালীন উদ্বেগকে আবার জীবন্ত করে তুলেছে। প্রায় ৫.৭ ম্যাগনিচুড শক্তির এই কম্পনের কেন্দ্র ছিল নরসিংদির মাধবদী, যা কেন্দ্র করে আতঙ্ক ছড়িয়ে পড়ে পুরো দেশে। বিভিন্ন প্রতিবেদন থেকে কমপক্ষে ১০ জনের মৃত্যুর খবর পাওয়া যায়, যাদের মধ্যে দুই শিশুও রয়েছে। পুরনো ঢাকার একটি ভবনের রেলিং ভেঙে তিনজন প্রাণ হারান, নারায়ণগঞ্জে দেয়াল ধসে এক শিশুর মৃত্যু হয়েছে। এছাড়া নরসিংদী সহ দেশের বিভিন্ন প্রান্ত থেকে আরও হতাহতের তথ্য পাওয়া যায়। আগুন নিয়ন্ত্রণ ও সশস্ত্র দমকল বিভাগ বিভিন্ন স্থানে রিপোর্ট করেছেন দেয়ালে ফাটল, প্লাস্টার পড়া এবং ধ্বংসস্তূপ ধারণার মতো ঘটনা। অনেক মানুষের জন্য সহজে ভেঙে পড়া বা ঝুঁকিপূর্ণ ভবন এখন একটি বাস্তব ভয় হয়ে দাঁড়িয়েছে। প্যানিক ও আতঙ্ক ছিল সার্বিক। লক্ষাধিক মানুষ গাড়ি, অফিস বা বাড়ি থেকে ছুটে বেরিয়েছিলেন, এবং সঙ্কটজনকভাবে গাজীপুরে রপ্তানিমুখী কারখানার কিছু জায়গায় কর্মীরা জরুরি গেটগুলোতে আটকে পড়েছিলেন। এই আতঙ্ক শুধু তাৎক্ষণিক নয় বরং এ নিয়ে আগে থেকেই উদ্বেগ প্রকাশ করেছেন ইতিহাসবিদ ও ভূতাত্ত্বিকরা। তারা বলছেন, এই ভয়াবহ দোলা শুধুই শেষ নয়, বরং বড় একটি ভূমিকম্পের "মূল ধাক্কার" পূর্বাভাস হিসেবে দেখা যেতে পারে। একটি সাম্প্রতিক গবেষণায় দেখা গিয়েছে, যদি ঢাকা অঞ্চলে বড় মাত্রার কম্পন ঘটে, তাহলে বিপুল পরিমাণ ভবন ক্ষতিগ্রস্ত হতে পারে। এই দোলনায় আমাদের সামনে প্রায় ভুলে যাওয়া ভূতাত্ত্বিক ইতিহাস আবার সামনে আসছে - যদিও গত শতাব্দীর অনেক বড় ভূকম্পনের তুলনায় সাম্প্রতিকটি আকারে ছোট, তবু আবাসন, অবকাঠামো এবং জনসংখ্যার আধুনিক চলাচলের সঙ্গে এর প্রভাব ভয়ঙ্কর মাত্রায় হতে পারে। এখন আমাদের সামনে দুটি চ্যালেঞ্জ রয়েছে। প্রথমত, জরুরি সেবাগুলোর প্রতিক্রিয়া ও অবকাঠামোগত প্রতিরোধ ক্ষমতা ত্বরান্বিত করা। আমরা দেখতে পাচ্ছি যে ভবনগুলোর কাঠামোগত দুর্বলতা, পরিকল্পনাহীন নির্মাণ ও দ্রুত রূপান্তর হওয়া জনবসতি এখনও বড় ঝুঁকির কারণ। দ্বিতীয়ত, সাধারণ মানুষের মধ্যে সচেতনতা ও প্রস্তুতি বাড়াতে হবে – শুধু সরকারের উদ্যোগেই সীমাবদ্ধ থাকা সম্ভব নয়। প্রস্তুতির এই মুহূর্তে আমাদের সিদ্ধান্ত নিতে হবে: কি আমরা শুধু স্বাভাবিক জীবনে ফিরে যাব, না কি প্রস্তুতি, পুনরুদ্ধার পরিকল্পনা ও স্থায়ী প্রতিরোধ গড়তে কাজ শুরু করব? কারণ, এই দোলনা হয়তো শেষ নয় - এটি আরও বড় বিপদের সম্ভাবনার ফিরিস্তি হতে পারে। বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

# যেসব খরচ বরকত বয়ে আনে

মাইমুনা আক্তার

উপার্জন ও খরচ মানুষের জীবনের অবিচ্ছেদ্য অংশ। প্রতিটি মানুষকেই জীবনের তাগিদে অর্থ-সম্পদ উপার্জন করতে হয়, আবার খরচও করতে হয়। বাহ্যিকভাবে খরচ হওয়াকে কমে যাওয়া মনে হলেও কিছু খরচ এমন আছে, যেগুলো মানুষের রিজিকে বরকতের দরজা খুলে দেয়। তারা যত বেশি খরচ করে, আল্লাহর পক্ষ থেকে তাদের অর্থ-সম্পদ আরো বাড়িয়ে দেওয়া হয়। আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'মহান আল্লাহ বলেন, তুমি ব্যয় করো, হে আদম সন্তান! আমিও তোমার প্রতি ব্যয় করব।' (বুখারি, হাদিস : ৫৩৫২) কোরআন-হাদিসের বহু জায়গায় দান-সদকার উপকারিতা বর্ণনা করা হয়েছে। বিশেষ করে মহান আল্লাহ দান করা ও অভাবগ্রস্তকে সাহায্য করাকে তাঁর সৎকর্মপরায়ণ বান্দাদের বিশেষ গুণ হিসেবে উল্লেখ করেছেন। তিনি বলেছেন, 'ইতিপূর্বে এরাই ছিল সৎকর্মশীল। তারা রাতের সামান্য অংশই অতিবাহিত করত নিদ্রায়, আর রাতের শেষ প্রহরে এরা ক্ষমা চাওয়ায় রত থাকত। আর তাদের ধন-সম্পদে রয়েছে অভাবগ্রস্ত ও বঞ্চিতের হক।' (সুরা : জারিয়াত, আয়াত : ১৬-১৯) এই আয়াতে বোঝা যায়, মানুষের উপার্জিত সম্পদে কিছু মানুষের হক আছে। আল্লাহর যেসব বান্দা আল্লাহর আদেশ পালনকরত সেই হক আদায় করে, মহান আল্লাহ তাদের রিজিকে বরকত দিয়ে দেন। তারা যতটুকু ব্যয় করে, ইহকাল ও পরকালে তারা এর চেয়ে বহুগুণে ফেরত পায়। মহান আল্লাহ বলেন, 'কে আছে যে আল্লাহকে উত্তম ঋণ দেবে, ফলে তিনি তার জন্য বহুগুণে বাড়িয়ে দেবেন? আর আল্লাহ সংকীর্ণ করেন ও প্রসারিত করেন এবং তাঁরই নিকট তোমাদেরকে ফেরানো হবে।' (সুরা : বাকারাহ, আয়াত : ২৪৫) অন্য আয়াতে মহান আল্লাহ বলেন, 'নিশ্চয় আমার রব তাঁর বান্দাদের মধ্যে যার জন্য ইচ্ছা রিজিক প্রশস্ত করেন এবং সংকুচিত করেন। আর তোমরা যা কিছু আল্লাহর জন্য ব্যয় করো, তিনি তার বিনিময় দেবেন এবং তিনিই উত্তম রিজিকদাতা।' (সুরা : সাবা, আয়াত : ৩৯) শুধু তা-ই নয়, তাদের দৈনন্দিন কাজে আসমানি সাহায্য আসে। কঠিন বিপদ-আপদ থেকে সহজে মুক্তি পায়। ইবনে উমার (রা.) বর্ণনা করেন, তার শব্দমালা এরূপ–'আল্লাহর কাছে সর্বাধিক প্রিয় কাজ হলো আনন্দ দানের নিমিত্তে তোমার মুসলমান ভাইয়ের সঙ্গে সাক্ষাৎ করা, অথবা তার বিপদ দূর করা, অথবা তার মনের দুশ্চিন্তা দূর করে দেওয়া অথবা তার ঋণ পরিশোধ করা।' (আত-তারগিব ওয়াত তারহিব, হাদিস : ৪০০৬) যারা আল্লাহকে খুশি করার আশায় অন্য মুসলমানের সুখ-দুঃখে নিঃস্বার্থভাবে এগিয়ে আসে, মহান আল্লাহর দরবারে তাদের মর্যাদাও বৃদ্ধি পায়। তাদের গুনাহমুক্ত হওয়ার জন্য সহায়ক হয়। হাদিসে এসেছে, 'তোমরা এক টুকরা খেজুর দিয়ে হলেও জাহান্নামের আগুন থেকে বাঁচো।' (বুখারি, হাদিস : ৬৫৪০) এই হাদিস দ্বারা বোঝা যায়, ঈমানদারের দান-সদকা তাদের পরকালের সাজা প্রশমিত করে। দান-সদকা মানুষকে পাপমুক্ত হতে সাহায্য করে। আল্লাহর ফেরেশতারা দাতাদের জন্য কল্যাণের দোয়া করে। আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, মহানবী (সা.) বলেছেন, প্রতিদিন সকালে দুজন ফেরেশতা অবতরণ করেন। তাঁদের একজন বলেন, হে আল্লাহ! দাতাকে তার দানের উত্তম প্রতিদান দিন আর অন্যজন বলেন, হে আল্লাহ! কৃপণকে ধ্বংস করে দিন। (বুখারি, হাদিস : ১৪৪২) ফলে যারা নিয়মিত দান-সদকা করে, তারা তাদের রিজিকে ও জীবনে অন্যতম বরকত ও প্রশান্তি অনুভব করে। মহান আল্লাহ আমাদের সবাইকে বেশি বেশি দান-সদকা করার তাওফিক দান করুন। আমিন।

## মিরপুরে জয় থেকে মাত্র ৪ উইকেট

(প্রথম পৃষ্টার পর)

মুশফিক ইতিহাসের ১২তম ক্রিকেটার হিসেবে ১০০তম টেস্টে সেঞ্চুরি করেন। ওই ইনিংসে উইকেটকিপার ব্যাটসম্যান লিটন কুমার দাস ১৯২ বলে ১২৮ রান করেন, সাবেক অধিনায়ক মুমিনুল হক সৌরভ ১২৮ বলে ৬৩ রান করেন। মেহেদি হাসান মিরাজ ১০৭ বলে ৪৭ রান যোগ করেন। ওপেনাররা সাদমান ইসলাম অনিক ও মাহমুদুল হাসান যথাক্রমে ৩৫ ও ৩৪ রান করে ইনিংস সমাপ্ত করেন। প্রথম ইনিংসে বাংলাদেশ ৪৭৬ রানে অলআউট হয়। জবাবে ব্যাটিংয়ে নেমে আয়ারল্যান্ড ২৬৫ রানে অলআউট হয়। লোরকান টাকার ৭৫, জর্ডান নিল ৪৯ ও স্টেফেনি ডনি ৪৬ রানের সঙ্গে দলের স্কোর গড়ে তোলেন। বাংলাদেশ দলের হয়ে বাঁহাতি স্পিনার তাইজুল ইসলাম ৪ উইকেট নেন। দুই পেসার হাসান মাহমুদ ও খালিদ আহমেদ ২টি করে উইকেট শিকার করেন। দ্বিতীয় ইনিংসে ব্যাটিংয়ে নেমে মুমিনুল হক সৌরভ (৮৭), সাদমান ইসলাম অনিক (৭৮), মাহমুদুল হাসান জয় (৬০) ও মুশফিকুর রহিম (৫৩) দলের স্কোর ৪ উইকেটে ২৯৭ রানে তুলে ইনিংস ঘোষণা করে বাংলাদেশ। দ্বিতীয় ইনিংসের ফলাফলের ভিত্তিতে আয়ারল্যান্ডকে জয়ের জন্য ৫০৯ রানের বিশাল টার্গেট তাড়া করতে হবে। চতুর্থ দিনে ৬ উইকেট হারিয়ে ১৭৬ রান করা আইরিশদের হাতে রোববার জয়ের জন্য আরও ৩৩৩ রান বাকি। অন্যদিকে, বাংলাদেশকে আর মাত্র ৪ উইকেট শিকার করলেই মিরপুরে টাইগাররা জয় নিশ্চিত করবে। চতুর্থ দিনের খেলা শেষে পরিস্থিতি অনুযায়ী, জয় বাংলাদেশের দিকে ঝুঁকছে।

## মেহেরপুরে র‍্যাব এর অভিযানে

(প্রথম পৃষ্টার পর)

গ্রেপ্তারকৃতরা স্বীকার করেছেন যে তারা দীর্ঘদিন ধরে এসব নেশাজাতীয় ইনজেকশন এলাকায় সরবরাহ করে আসছিলেন। এ ঘটনায় চুয়াডাঙ্গা সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ অনুযায়ী মামলা দায়ের করা হয়েছে। র‍্যাবু১২ জানিয়েছে, মাদক বিরোধী নিয়মিত অভিযান অব্যাহত থাকবে।

## মেহেরপুর-১: বিএনপি প্রার্থী মাসুদ

(প্রথম পৃষ্টার পর)

অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ তার সঙ্গে উপস্থিত ছিলেন। এদিকে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর মুজিবনগর উপজেলা বাগুয়ান ইউনিয়ন রতনপুর ও ঢোল মারি দুইটি গ্রামে ধানের শীষের গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে গতকাল শনিবার বিকালে ধানের শীষের মনোনীত প্রার্থী মাসুদ অরুনের পক্ষে গণসংযোগ ও লিফলেট বিতরণ পরিচালনা করেন মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি জনাব আকিব জাভেদ সেনিজর। এসময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা যুবদলের সভাপতি আবুল হাসান উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলার যুবদলের স্থানীয় নেতা কর্মী।

## প্রার্থিতা নিয়ে অস্থিরতা দূর করতে

(প্রথম পৃষ্টার পর)

সঙ্গে ফোনেও যোগাযোগ করছে কেন্দ্রীয় নেতারা। এসব নেতার দাবি–তাদের জনপ্রিয়তা নিরপেক্ষভাবে যাচাই করলে প্রার্থিতা পুনর্বিবেচনা করা হতে পারে। দলীয় সূত্র জানিয়েছে, বিরোধপূর্ণ আসনগুলোর সংকট, সম্ভাব্য প্রার্থীদের শক্তি-দুর্বলতা, এবং বঞ্চিত নেতাদের অবস্থান পুনর্মূল্যায়নে একটি বিশেষ টিম কাজ করছে। বিএনপি চেয়ারপারসনের একজন উপদেষ্টা ও একজন শিক্ষক প্রতিনিধিকে দিয়ে মাঠ জরিপ করানো হচ্ছে। তাদের দেওয়া তথ্যই চূড়ান্ত তালিকা নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মাহমুদ টুকু বলেন, "ঘোষিত তালিকা চূড়ান্ত নয়, এটি সম্ভাব্য তালিকা। প্রয়োজন মনে হলে অবশ্যই পরিবর্তন হবে। সব দিক বিবেচনা করেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।" তবে বিএনপির বিভিন্ন পর্যায়ের বেশ কয়েকজন নেতা অভিযোগ করেছেন, আগের জরিপেও পক্ষপাতিত্ব ও ভুল তথ্য দেওয়া হয়েছে। বিভাগীয় ও জেলা পর্যায়ের কিছু নেতা তাদের পছন্দের ব্যক্তিকে মনোনয়ন পাইয়ে দিতে প্রভাব খাটিয়েছেন। মনোনয়নপ্রত্যাশীদের সঙ্গে ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বৈঠকের ক্ষেত্রেও পক্ষপাতের অভিযোগ রয়েছে–কিছু সাংগঠনিক নেতার অপছন্দ হলে সংশ্লিষ্ট প্রার্থীকে বৈঠকে আমন্ত্রণই জানানো হয়নি। জরিপেও তাদের প্রভাব ছিল বলে অভিযোগ রয়েছে। দলের স্থায়ী কমিটির একজন সদস্য জানান, কয়েক দফা মাঠ জরিপ ও নেতাদের মতামতের ভিত্তিতেই সম্ভাব্য তালিকা প্রকাশ করা হয়েছে। তবে তপশিল ঘোষণার আগে-পরে প্রয়োজন হলে তালিকায় পরিবর্তন আনা হবে। তিনি বলেন, "তৃণমূলের কোন্দল কোনোভাবেই বরদাশত করা হবে না। দলকে ঐক্যবদ্ধ রেখেই নির্বাচনে যেতে হবে। প্রয়োজনে যা দরকার, দল তাই করবে।"

## অভিযোগ আমীর খসরুর

(প্রথম পৃষ্টার পর)

এসব কথা বলেন। 'বিএনপি ও গণতন্ত্র একে অন্যের পরিপূরক' আমীর খসরু বলেন, "বিএনপি ও গণতন্ত্র একে অন্যের পরিপূরক; একটিকে বাদ দিয়ে অন্যটি টেকসই হতে পারে না।" তিনি দাবি করেন, গণতন্ত্র প্রতিষ্ঠার আন্দোলনে বিএনপি সবসময় অগ্রভাগে থেকেছে। গণতন্ত্রের জন্য ত্যাগের প্রসঙ্গে তিনি বলেন, "খালেদা জিয়া দীর্ঘ সময় ধরে রাজনৈতিক মূল্য পরিশোধ করেছেন। তারেক রহমানও বিদেশে থেকেও দলের কর্মকাণ্ডে যুক্ত থেকে ভূমিকা রেখে চলেছেন।" তিনি অভিযোগ করে বলেন, "যারা গণতন্ত্রে আস্থা রাখে না, তারাই নির্বাচন বাধাগ্রস্ত করতে চায়। নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রের ভিত্তি মজবুত হয়, আর এতে লাভবান হয় জনগণ।" চলমান রাজনৈতিক পরিস্থিতিতে গণতন্ত্র রক্ষার লড়াইয়ে সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান তিনি। স্বাধীনতার ঘোষণা, যুদ্ধ পরিচালনা ও মুক্তিযুদ্ধে জিয়াউর রহমানের ভূমিকা তুলে ধরে আমীর খসরু বলেন, "জিয়াউর রহমান শুধু মুক্তিযোদ্ধা নন; তিনি আধুনিক রাষ্ট্র নির্মাণের রূপকার এবং ৭ নভেম্বরের অন্যতম প্রধান নেতা। এক ব্যক্তির জীবনে মুক্তিযুদ্ধের ঘোষণা, দেশ পরিচালনা, সংস্কার ও গণতন্ত্র পুনরুদ্ধারের মতো ভূমিকা বিরল।" সমাবেশে বেগম খালেদা জিয়াকে তিনি 'গণতন্ত্রের অটল সৈনিক' এবং তারেক রহমানকে 'গণতন্ত্রের প্রতীক' হিসেবে অভিহিত করেন। আলোচনা সভায় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

## ইসি সানাউল্লাহ

(প্রথম পৃষ্টার পর)

ইলেকট্রোরাল গভর্নেন্স অ্যান্ড সিটিজেন অবজারভেশন এক্সচেঞ্জ' শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এসব কথা বলেন তিনি। কর্মশালার আয়োজন করে এশিয়ান নেটওয়ার্ক ফর ফ্রি ইলেকশনস (এএনএফআরইএল)। ইসি সানাউল্লাহ আশা প্রকাশ করেন যে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন হবে "ঐতিহাসিক"–যার মাধ্যমে দেশে গণতন্ত্রের নতুন পথচলা শুরু হবে। তিনি জানান, রেকর্ডসংখ্যক আন্তর্জাতিক পর্যবেক্ষক এবার নির্বাচন পর্যবেক্ষণে আসার আগ্রহ দেখিয়েছেন। "তারা সবাই দেশের একটি ঐতিহাসিক নির্বাচনের অংশ হতে চান," বলেন তিনি। রোজার আগে ফেব্রুয়ারির প্রথমার্ধে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হবে ধরে প্রায় ৬০ দিনের সময় কাঠামো অনুসারে ডিসেম্বরের প্রথম সপ্তাহে তপশিল ঘোষণা করা হতে পারে বলে নির্বাচন কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে। যদিও দিন-তারিখ এখনো চূড়ান্ত হয়নি, তবে প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে বলেই কমিশনের দাবি।

# অপরাধ-সন্ত্রাস দমনে সরকার শিথিলতা দেখাচ্ছে: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী অভিযোগ করেছেন, দেশে রাষ্ট্রীয়ভাবে গুম বা খুনের ঘটনা না থাকলেও সন্ত্রাসী কার্যক্রম বেড়েই চলেছে। তিনি বলেন, সন্ত্রাস ও অপরাধ দমনে সরকারের কোনো কার্যকর উদ্যোগ দেখা যাচ্ছে না, বরং শিথিলতা ও গাফিলতি প্রকাশ পাচ্ছে। রিজভীর মতে, এর প্রভাবেই যুবদল নেতা কিবরিয়ার মতো হত্যাকাণ্ড সংঘটিত হচ্ছে। শনিবার (২২ নভেম্বর) রিজভী রাজশাহী মহানগর বিএনপির নবগঠিত কমিটিকে সঙ্গে নিয়ে দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের মাজারে শ্রদ্ধা নিবেদন শেষে এসব মন্তব্য করেন। রিজভী বলেন, "গতকাল ভূমিকম্পে ১০ জনের মৃত্যু হয়েছে। বর্তমান সরকার জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে ব্যর্থ হয়েছে। রাজধানী ঢাকা ভয়াবহ ঝুঁকির মধ্যে রয়েছে। অনুমোদন ছাড়া বহুতল ভবন নির্মাণের অনুমতি প্রদানের বিষয়ও এতে দায়ী।" এর আগে চট্টগ্রাম-৮ আসনে বিএনপি মনোনীত প্রার্থী এরশাদ উল্লাহ নির্বাচনি গণসংযোগের সময় গুলিবিদ্ধ হন। রিজভী হাসপাতালে গিয়ে তার শারীরিক অবস্থার খোঁজখবর নেন। তিনি মন্তব্য করেন, "এরশাদ উল্লাহকে প্রকাশ্যে হত্যার উদ্দেশ্যে গুলি করা অত্যন্ত উদ্বেগজনক।" রিজভী আহ্বেদ জানান, অনতিবিলম্বে জড়িত সন্ত্রাসীদের গ্রেফতার ও আইনগত ব্যবস্থা নেওয়া উচিত। রিজভী আরও বলেন, সরকারের শিথিলতা ও অপ্রতুল নিরাপত্তা ব্যবস্থা দেশের রাজনৈতিক ও সামাজিক পরিবেশকে আরও ঝুঁকিপূর্ণ করে তুলছে। তিনি জনগণকে সচেতন থাকার পাশাপাশি রাজনৈতিক ও সাংগঠনিক দায়িত্ব পালন করতে আহ্বান জানান।

# নাগরিকরা নিজে পরিবর্তন না হলে পরিবর্তন আসবে না: রিজওয়ানা

সূর্যোদয় প্রতিবেদন

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, "নাগরিকরা নিজে পরিবর্তন না হলে কোনো পরিবর্তন আসবে না। উপদেষ্টা পরিষদ একা সব করতে পারবে না।" শনিবার (২২ নভেম্বর) সকালে রাজধানীর একটি অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, দেশের উন্নয়ন ও পরিবেশ রক্ষায় নাগরিকদের সক্রিয় অংশগ্রহণ অপরিহার্য। তিনি উল্লেখ করেন, সন্দেহ ও অবিশ্বাসের ভিত্তিতে কোনো দেশের প্রকৃত পরিবর্তন সম্ভব নয়। রিজওয়ানা বলেন, শুধু একটি স্থান বা নদীর অংশ নিয়ে কাজ করলে সমস্যা সমাধান সম্ভব নয়। "দূষণ রোধের জন্য বিস্তৃত পরিসরে এবং সংহতভাবে কাজ করতে হবে।" তিনি আরও বলেন, পরিবর্তনের জন্য মানুষ নয়, নিয়ম ও কাঠামোর সংশোধনই মূল ভূমিকা রাখে। "নিয়ম ঠিক থাকলেই ফলাফল আসবে। আমরা সেই নিয়মগুলো ঠিক করার চেষ্টা করে যাচ্ছি।" উপদেষ্টা সম্প্রতি নাগরিকদের সচেতনতা বৃদ্ধির পাশাপাশি পরিবেশ রক্ষা ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় সম্প্রসারিত উদ্যোগ নেওয়ার গুরুত্বের উপর জোর দিয়েছেন।

# দেড় দিনে ইংল্যান্ডকে উড়িয়ে দিল অস্ট্রেলিয়া

সূর্যোদয় প্রতিবেদন

অ্যাশেজ সিরিজের প্রথম টেস্টে অস্ট্রেলিয়া মাত্র দেড় দিনেরও কম সময়ে ইংল্যান্ডকে পরাজিত করে বিশাল জয় তুলে নিয়েছে। পার্থে খেলা ম্যাচে ইংল্যান্ড প্রথম ইনিংসে ১৭২ রানে অলআউট হওয়ার পর অস্ট্রেলিয়া ১৩২ রানে তাদের প্রথম ইনিংস শেষ করে, ফলাফল হিসেবে ৪০ রানের নেতৃত্ব নেয়। ইংল্যান্ডের দ্বিতীয় ইনিংসেও ১৬৪ রানে অলআউট হয়ে অজিদের জয় প্রায় নিশ্চিত হয়ে যায়। অস্ট্রেলিয়ার জয় সম্ভব হয়েছে প্রধানত ট্র?্যাভিস হেডের ঝড়ো ব্যাটিংয়ের কারণে। ৬৯ বল খেলে ১ শতক করার মাধ্যমে হেড ইংল্যান্ডকে 'বাজবলের' সামনে নতুন পাঠ দিয়েছেন। শুরুটা ধীরগতিতে হলেও মাত্র ৩৬ বলে ফিফটি পূর্ণ করার পর পরের ৩৩ বলে আরেকটি ফিফটি করেন। জফরা আর্চার ও গাস অ্যাটকিনসনকেও রেহাই দেননি তার বিধ্বংসী খেলায়। শেষ পর্যন্ত ৬৯ বলেই ৯২ রানের ঝোড়ো সেঞ্চুরি করে ইতিহাসে নাম লিখান। হেডের এই সেঞ্চুরি অজিদের হয়ে ইংল্যান্ডের বিপক্ষে সবচেয়ে কম বলে সেঞ্চুরির রেকর্ড। পার্থের নতুন মাঠ অপটাস স্টেডিয়ামে তিনি অ্যাডাম গিলক্রিস্টের রেকর্ড ছুঁয়ে যান। হেড ৮৩ বলে ১২৩ রান করে আউট হলেও, অজিদের জয় নিশ্চিত করেন ভেড়ান মার্নাস লাবুশেন, ৪৯ বলে অপরাজিত ৫১ রান করে। শেষমেশ অস্ট্রেলিয়া ইংল্যান্ডকে ৮ উইকেটে হারিয়ে সিরিজের প্রথম ম্যাচে ১-০ ব্যবধানে এগিয়ে যায়। এই জয় শুধু সংখ্যার হিসেব নয়, হেডের ঝড়ো ব্যাটিং ও অজিদের সমন্বিত পারফরম্যান্সের ফলে অস্ট্রেলিয়ার মনোবলও নতুন উচ্চতায় পৌঁছেছে।

# বিরোধী নেতাদের বিরুদ্ধে 'রাষ্ট্রদ্রোহ' অভিযোগ ট্রাম্পের

সূর্যোদয় প্রতিবেদন

সক্রিয় সামরিক বাহিনীর সদস্যদের উদ্দেশে সংবিধান রক্ষার আহ্বান জানানো এক ভিডিও বার্তার জবাবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ডেমোক্র?্যাটদের বিরুদ্ধে তীব্র অভিযোগ তুলেছেন। ওই ভিডিও প্রকাশের পর ক্ষুব্ধ ট্রাম্প বলেছেন–ভিডিওতে কথা বলা ডেমোক্র?্যাট আইনপ্রণেতাদের আচরণ "রাষ্ট্রদ্রোহের পর্যায়ে", যার শাস্তি "মৃত্যুদণ্ডও হতে পারে।" তিনি তাঁদের গ্রেপ্তার করার কথাও উল্লেখ করেন। মঙ্গলবার প্রকাশিত প্রায় ৯০ সেকেন্ডের এক ভিডিওতে কংগ্রেসের ডেমোক্র?্যাট সদস্যরা সামরিক বাহিনীর প্রতি আহ্বান জানিয়ে বলেন, "আপনারাও সংবিধান রক্ষার শপথ নিয়েছেন। এখন সংবিধানের প্রতি হুমকি শুধু বিদেশ থেকে নয়, দেশের ভেতর থেকেও আসছে।" এই বক্তব্যের পরই ট্রাম্প ক্ষিপ্ত প্রতিক্রিয়া জানান। নিজের সামাজিক মাধ্যম 'ট্রুথ সোশ্যালে' ট্রাম্প লেখেন– "এটি রাষ্ট্রদ্রোহী আচরণ, যার শাস্তি মৃত্যুদণ্ড!" এমনকি তিনি এমন একটি মন্তব্যও পুনরায় পোস্ট করেন, যেখানে বলা ছিল– "জর্জ ওয়াশিংটন হলে তাঁদের ফাঁসিতে ঝুলিয়ে দিতেন!" তার এই বক্তব্য রাজনৈতিক অঙ্গনে নতুন করে বিতর্ক ও উদ্বেগ তৈরি করেছে। ট্রাম্পের মন্তব্যের পর হাউস ডেমোক্রেটিক নেতা হাকিম জেফ্রিসসহ শীর্ষ ডেমোক্র?্যাটরা তীব্র নিন্দা জানিয়ে বলেন, "রাজনৈতিক সহিংসতার কোনো স্থান আমেরিকায় নেই। কংগ্রেস সদস্যদের বিরুদ্ধে ডোনাল্ড ট্রাম্পের জঘন্য ও বিপজ্জনক মৃত্যুদণ্ডের হুমকিকে আমরা নিঃশর্তভাবে নিন্দা জানাই।" ট্রাম্পের এ ধরনের বক্তব্য দেশটিতে চলমান রাজনৈতিক বিভাজনকে আরও বাড়িয়ে দিতে পারে বলে বিশ্লেষকদের মত।

# ভারতের অর্ধেক শিশু ন্যূনতম পরিষেবাও পায় না-ইউনিসেফ

সূর্যোদয় প্রতিবেদন

শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, আবাসন, নিরাপদ পানীয় জল ও পরিচ্ছন্ন স্যানিটেশন–এই ছয়টি মৌলিক পরিষেবাকে প্রতিটি শিশুর জন্মগত অধিকার হিসেবে বিবেচনা করে ইউনিসেফ। কিন্তু ভারতের প্রায় ২০ কোটি ৬০ লাখ শিশু এই পরিষেবাগুলোর একটিও পাচ্ছে না। বিশ্ব শিশু দিবস উপলক্ষে প্রকাশিত ইউনিসেফের সাম্প্রতিক প্রতিবেদনে উঠে এসেছে এমনই উদ্বেগজনক বাস্তবতা। সংখ্যার হিসেবে এটি দেশটির মোট শিশু জনসংখ্যার প্রায় অর্ধেক। কেন্দ্রীয় সরকারের পোষণ অভিযান, সমগ্র শিক্ষা, মিড-ডে মিল, বেটি বাঁচাও-বেটি পড়াও, স্বচ্ছ ভারতসহ বহু প্রকল্প চলমান। কিন্তু এসব উদ্যোগের পরও বিশাল সংখ্যক শিশু ন্যূনতম পরিষেবার বাইরে রয়ে গেছে।